

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং ১৩২/২০২০

তারিখ : ০৬/০৮/২০২০খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

ASYCUDA World User ID ও Password এর


নিরাপত্তা বিধান সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি জরুরী দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ASYCUDA World System এ বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করার জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক সিএন্ডএফ এজেন্টদের User ID ও Password প্রদান করা হয়। প্রত্যেক সিএন্ডএফ এজেন্টকে স্ব স্ব User ID ও Password এর গোপনীয়তা ও নিরাপত্তা বিধান করা জরুরী। কারণ জালিয়াত চক্র দ্বারা সিএন্ডএফ এজেন্টের User ID ও Password এর তথ্য চুরি করে পণ্য চালান জালিয়াতি করার সম্ভাবনা থাকে। এক্ষেত্রে কোন সিএন্ডএফ এজেন্টের ID ও Password ব্যবহার করে কোন অনিয়ম সংঘটিত হলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের বিরুদ্ধে লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, ASYCUDA World User ID ও Password এর নিরাপত্তা বিধানের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. নিজ অফিস থেকে ASYCUDA World System এ বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করা।
২. কোন কম্পিউটার দোকান থেকে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল না করা; বিশেষ করে আখ্ৰাবাদ, বারিক বিল্ডিং, ফকিরহাট এইসব এলাকায় অবস্থিত কম্পিউটার দোকান। এক্ষেত্রে User ID ও Password এর তথ্য চুরি হওয়ার সম্ভাবনা থাকে।
৩. নিজ অফিস থেকে অনলাইনে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করার ব্যবস্থা না থাকলে কাস্টম হাউস ও সিইপিজেড এ অবস্থিত এসোসিয়েশনের সার্ভিস ডেস্কের মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করা যেতে পারে।
৪. সার্ভিস ডেস্কের মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট দাখিল করার ক্ষেত্রে User ID ও Password লজমেন্ট স্লিপে না লিখে একটি সাদা কাগজে লিখে সার্ভিস ডেস্কের কম্পিউটার অপারেটরকে প্রদান করা এবং সার্ভিস ডেস্কে কাজ সম্পন্ন করার পর কাগজটি ছিঁড়ে ফেলা।
৫. প্রতি সপ্তাহে Password পরিবর্তন করা।

উপরোক্ত বিষয়সমূহ অনুসরণ করা না হলে এবং কোন সদস্য প্রতিষ্ঠানের ASYCUDA World User ID ও Password এর তথ্য চুরি করে কোন অনিয়ম সংঘটিত হলে, এক্ষেত্রে তার দায়ভার সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানকে বহন করতে হবে।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক